দর্শনার বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফার রাষ্টিয় মর্যাদায় দাফন

দামুড়হুদা উপজেলার দর্শনার মদনা গ্রামের বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা বিশ্বাস (৭৫)ইন্তকাল করেছেন রাষ্টিয় মর্যাদায় তাকে দাফন সম্পর্ন করা হয়েছে। সে মদনা গ্রামের মাঝের পাড়ার মৃত আজিম হোসেন বিশ্বাস এর ছেলে।

সোমবার বেলা ১১ টায় দামুড়হুদা উপজেলার মদনা গ্রামের বাজারের জামে মসজিদের সমানে নামাজের জানাজা শেষে মদনা গ্রামের পািরিবারিক কবরস্হানে দাফন সম্পর্ন করা হয়।দাফনের এর আগে বেলা সাড়ে ১০ টায় তার প্রতি প্রথমে রাষ্টিয় মর্যাদায় সালাম গার্ড অব অনার প্রদর্শন করে চুয়াডাঙ্গা পুলিশ লাইনের একটি চৌকসটিম।

এর পর দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা বিশ্বাসের শোক সমাপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান।এ সময় আরও উপস্হিত ছিলেন দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির,ও গ্রামের গণ্যমান্য ব্যাক্তবর্গ।

কেরুর বিষাক্ত বর্জ্যের পানিতে ৪ মাস ধরে বন্দি মুক্তিযোদ্ধা কার্যলয়

কেরুর বিষাক্ত বর্জ্যের পানিতে ৪ মাস ধরে বন্দি হয়ে রয়েছে মুক্তিযোদ্ধা কার্যলয় এতে করে বিঘ্ন হচ্ছে মুক্তিযোদ্ধোর কার্যক্রম।

এ বিষয়ে কেরুজ কর্মকর্ত কর্মচারীরা উদাসীনতা পালন করেছে বলে মনে

করছে সচেতন মহল। জানা গেছে, চুয়াডাঙ্গার জেলার দামুড়হুদা উপজেলার দর্শনায় অবস্থিত দেশের সর্ববৃহৎ চিনিকল ও ডিস্টিলারি।কেরু এন্ড কোম্পানির বর্জ্যের দুর্গন্ধে এলাকাজুড়ে মারাত্মকভাবে পরিবেশ দূষণ ঘটছে। স্বাস্থ্যঝুঁকিতে রয়েছে চিনিকলের আশপাশ এলাকার হাজার হাজার মানুষ। প্রতিষ্ঠানটির কর্মকর্তা- কর্মচারিদের নানা অনিয়ম, অব্যবস্থাপনা ও উদাসীনতার কারণে এমন পরিস্থিতির সম্মুখিন হতে হচ্ছে বলে অভিযোগ এলাকাবাসীর।

জানা গেছে, কেরু এন্ড কোম্পানির জৈবসার তৈরির কাঁচামাল চিনিকল ও ডিস্টিলারির বর্জ্য যথাযথভাবে সংরক্ষণের অভাব মিলের বর্জ্যপানি নিষ্কাশন লাইনের পাইপ ফেটে নোংরা পানি বের হয়ে বিভিন্ন এলাকায় দুর্গন্ধ ছড়িয়ে পড়ায় মারাত্মকভাবে পরিবেশ বিপর্যয় দেখা দিয়েছে।

ফলে মারাত্মক স্বাস্থ্যঝুঁকিতে রয়েছে শহরে বসবাসকারী লক্ষাধিক মানুষ। প্রতিষ্ঠানটি স্থাপনের সময় মিলের মানুষ তরল বর্জ্য ও মিলের যন্ত্রপাতি ধোয়ামোছাসহ আবাসিক এলাকার নোংরা পানি নিষ্কাশনের জন্য চিনিকল থেকে মাথাভাঙ্গা নদী পর্যন্ত প্রায় দুই কিলোমিটার দৈর্ঘ্যের পাইপ লাইন বসানো হয়। এ পাইপ লাইনটি দীর্ঘদিনের পুরাতন হওয়ায় পাইপের বিভিন্ন অংশ ফেটে ও ভেঙ্গে গিয়ে মিলের তরল বর্জ্যসহ নোংরা পানি বের হয়ে গোটা এলাকায় মারাত্মক দুর্গন্ধ ছড়াতে থাকে।

কয়েক বছর আগে চিনিকল কর্তৃপক্ষ টেন্ডারের মাধ্যমে পাইপ লাইনটি মেরামত করে। মেরামতকালে চিনিকলের সংশ্লিষ্ট বিভাগের দুর্নীতির সুযোগে নিয়োজিত ঠিকাদার নিম্নমানের নির্মাণসামগ্রী ব্যবহার করার ফলে সংস্কারের কিছুদিনের মাথায় পাইপটি ফাটল দেখা দেয়। আবারোও পাইপ লাইনের বিভিন্ন স্থানে ফাঁটল ধরে আগের অবস্থায় ফিরে গিয়ে অসহনীয় দুর্গন্ধে অতিষ্ট করে তুলেছে দর্শনা শহরবাসীকে।এর ফলে পথচারিরাও পড়ছে বিপাকে।

দুর্গন্ধের কারনে কেরু এলাকা ছাড়াও শহরের আনোয়ারপুর, শান্তিপাড়া, পাঠানপাড়া, মোবারকপাড়া, ইসলামবাজার, পুনাতনবাজার, মহম্মদপুর, আজমপুরসহ গোটা শহর জুড়ে মারাত্মকভাবে বায়ুদূষন ঘটছে। ফলে বায়ুদুষনজনিত নানা রোগে আক্রান্ত হচ্ছে এলাকায় বসবাসকারী মানুষ।

সরেজমিনে কেরুজ বাজারমাঠ সংলগ্ন এলাকা ও মুক্তিযোদ্ধা কার্যালয় এলাকায় গিয়ে দেখা যায়, নোংরা পানি উপচে গোটা এলাকায় ছড়িয়ে

পড়েছে। সেই পানি থেকে বের হচ্ছে পচা দূর্গন্ধ। ছড়িয়ে পড়া এই পানিতে জন্ম নেয়া মশা-মাছি দেখে মনে হয়েছে কেরু কোম্পানি চিনি ও স্পিরিট উৎপাদনের পাশাপাশি মশা-মাছিরও উৎপাদন শুরু হয়েছে।এর ফলে বাড়তে পারে ডেঙ্গু মশার উৎপাত। এমন পরিস্থিতিতে মারাত্মক স্বাস্থ্যঝুঁকিতে রয়েছে চিনিকলের আশপাশ এলাকার হাজার হাজার মানুষ। একটি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের কারণে এলাকায়

এভাবে পরিবেশ দূষণের ঘটনায় জনমনে দেখা দিয়েছে নানা প্রশ্ন। দীর্ঘদিন থেকে এ অবস্থা চলতে থাকলেও যেন দেখার কেউ নেই। পরিবেশদূষণ রোধে সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করছেন ভুক্তভোগী এলাকাবাসী।

এ ব্যাপারে জানতে চাইলে কেরু এ্যান্ড কোম্পানির ভারপ্রাপ্ত মহাব্যবস্থাপক (প্রশাসন) শেখ মো. শাহাবুদ্দিন বলেন, বাজারমাঠ সংলগ্ন এলাকায় বর্ডার পানি বের হচ্ছে এমন খবর কেও আমাকে জানায়নি, আপনার মাধ্যমে জানতে পারলাম। আমাকে জানালে ব্যবস্থা নিতাম। ওই এলাকার পানিনিষ্কাশনের লাইন পৌরসভার ড্রেনের সঙ্গে সংযুক্ত হবে। আমি যতদুর জানি ড্রেনের কাজ শুরু হয়নি ফলে পানি ওভারফ্লু হয়ে রাস্তায় চলে এসেছে। আর মুক্তিযোদ্ধা কার্যালয়ের সামনে আমরা মাটি ভরাটের কাজ শুরু করবো, বাজেট হয়ে গেছে।এ বিষয়ে কেরু এ্যান্ড কোম্পানির ব্যাবস্হাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেনকে ফোন দিলে তিনি ফোন রিসিভ করেনি।ফোন রিসিভ না করায় বক্তব্যে নেওয়া সম্ভব হয়নি।

আলমডাঙ্গা প্রেসক্লাবের সাধারন সম্পাদক হামিদুল আজমের ৬৭ তম জন্মবাষিকী পালন

আলমডাঙ্গা প্রেসক্লাবের সাধারন সম্পাদক কবি,সাহিত্যিক,নাট্যব্যাক্তিত্য হামিদুল ইসলাম আজমের ৬৭ তম জন্মবার্ষিকি পালিত হয়েছে।

দুপুর ২ টার দিকে আলমডাঙ্গা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে জন্মদিন পালন অনুষ্টানে সভাপতিত্ব করেন আলমডাঙ্গা সাহিত্য পপরিষদের সাধারন সম্পাদক আ,ফ,ম সিরাজ সামজী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা সাহিত্য পরিষদের সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা কবি আব্দুল কাদের। তিনি বলেন হামিদুল ইসলাম আজম একজন বহুমুখি প্রতিভার
নাম,সেএকাধারে,নাট্যাভিনেতা,নাট্যকার,কবি,সাহিত্যিক,সাংবাদিক,প্রাবন্ধিক, ফুটবলার,বাচিক শিল্পি, সংগঠক,রাজনৈতিক ব্যাক্তিত্ব সহ বহুমুখি প্রতিভার অধিকারি।আমি দীর্ঘদিন থেকে তাকে দেখছি,সাংবাদিক হিসেবে।

সাহিত্য পরিষদ গঠন করার বেশ কিছুদিন পর আজম সাহেব আমাদের সাথে যোগ দেয়,আজ বলতে দ্বিধা নেই হামিদুল আজম সাহিত্য পরিষদে যোগ দেবার পর সাহিত্য পরিষদ গতিশীল হয়েছে।আমি তার সার্বিক মঙ্গল কামনা করছি।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু,সাহিত্য পরিষদের সভাপতি ওমর আলী মাষ্টার,আলমডাঙ্গা সাংস্কৃতিক জোটের সভাপতি ডাঃ অমল কুমার। ,আলাউদ্দিন আহমেদ পাঠাগারের পরিচালক কবি গোলাম রহমান চৌধুরি উপস্থাপনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন প্রেসক্লাবের সহ-সভাপতি মাথাভাঙ্গা ব্যুরোপ্রধান রহমান মুকুল,যুগ্ম সাধারন সম্পাদক ও পশ্চিমাঞ্চলের ব্যুরো প্রধান প্রশান্ত বিশ্বাস,সিনিয়র সাংবাদিক আকাশ খবরের ব্যুরো প্রধান ফিরোজ ইফতেখার,গাঙচিল সাহিত্য সাংস্কৃতিক পরিষদের সভাপতি কবি জামিরুল ইসলাম খান, সাধারন সম্পাদক কবি হাবিবুর রহমান মজুমদার,কবি ও প্রকাশসক কিশোর কারুনিক,ব্যাংক এশিয়ার শাহাবুল ইসলাম,সাংবাদিক শরিফুল ইসলাম,সাংবাদিক তানভীর আহম্মেদ সোহেল,বৈশাখি টিভির ক্যামেরাম্যান সাহরিয়ার মানিক,কবি হাসিনা হারভীয়া প্রমুখ।

কবি হামিদুল ইসলাম আজম তার অনুভুতি ব্যাক্ত করতে গিয়ে জানান,আমি ছোট বয়স থেকে সাংস্কৃতিক কর্মকান্ডে জড়িয়ে পড়ি।বিশেষ করে নাটকের প্রতি আমার বরাবরই ঝোক ছিল।নাটক লেখা,মঞ্চ করা,রেডিও নাটক করা,টেলিভিশনে নাটক করার শখ ছিল,সবই একে একে করেছি,কিন্ত বয়সটা ততোদিনে অনেকদুর গড়িয়ে গেছে,ফুটবল খেলোয়াড় হিসেবে চাকরি করেছি,মাত্র ১৪বছর ৭মাস বয়সে মুক্তিযুদ্ধে অংশ নিতে ভারতে চলে গেছি।আজ বয়স বেড়েছে,কিন্ত মনের জোরে এখনও সব কাজ করে বেড়াচ্ছি।আরো বক্তব্য রাখেন হাটবোয়ালিয়া কলেজের সহকারি অধ্যাপক

কবি আসিফ রহিম জোয়ার্দার,কবি মহসিন আলী চান্দ, কবি অহর আলী,প্রমুখ।

সভায় কেক কেটে শুভ জন্মদিন পালন করা হয়,পরে মনজ্ঞ সাংস্কৃতিক অনুষ্টানের আয়োজন করা হয়েছে।

চুয়াডাঙ্গায় পুলিশ সদস্যেদের পদমর্যাদাভিত্তিক প্রশিক্ষণের উদ্বোধন

বাংলাদেশ পুলিশের সকল সদস্যের পদমর্যাদাভিত্তিক প্রশিক্ষণের আওতাভুক্ত নায়েক ও কনস্টেবলদের দক্ষতা উন্নয়ন কোর্সের ৮ম ব্যাচের শুভ উদ্বোধন করা হয়েছে।

উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন।

বাংলাদেশ পুলিশের ইন্সপেক্টর জেনারেল চৌধুরী আব্দুল্লাহ আল-মামুন, বিপিএম (বার), পিপিএম সার্বিক নির্দেশনায় বাংলাদেশ পুলিশের ১০৫টি ভেন্যুতে সকল পদমর্যাদার সদস্যদের নিয়ে গতকাল শনিবার বেলা সাড়ে দশটার সময় ৮ম ব্যাচের সপ্তাহ ব্যাপি পদমর্যাদাভিত্তিক প্রশিক্ষণ শুরু হয়েছে।

উক্ত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে আরোও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃআবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, আরআই পুলিশ লাইন্স চুয়াডাঙ্গা আমিনুল ইসলাম সহ চুয়াডাঙ্গা, কুষ্টিয়া ইনসার্ভিস ট্রেনিং সেন্টারের প্রতিনিধিসহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার প্রশিক্ষণার্থী পুলিশ সদস্যগণ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গার হাঁপানিয়ায় বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত

‘বিট পুলিশিং বাড়ি বাড়ি, নিরাপদ সমাজ গড়ি’ এই শ্লোগানকে সামনে আলমডাঙ্গার হাঁপানিয়ায় বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার দুপুর ২টায় উপজেলার চিৎলা ইউনিয়নের হাঁপানিয়া ক্যাম্প পুলিশের আয়োজনে ফাঁড়ি পুলিশ প্রাঙ্গণে এ বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার ও সদর সার্কেল মো. আনিসুজ্জামান।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, সমাজ থেকে বাল্যবিবাহ বন্ধ করতে হবে। মাদকমুক্ত সমাজ গড়তে হবে। নিরাপদ সমাজ বিনির্মাণে পুলিশের সেবা জনগণের দোড়গোড়ায় পৌঁছে দিতে হবে। এজন্য বিট পুলিশিং কার্যক্রমকে জোরদার করতে হবে। ঘরে বসেই থানার সহযোগিতা পাবে বিট পুলিশিং এর মাধ্যমে।

বিট পুলিশিং সমাবেশে প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলিগের যুগ্ন সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দার টোটন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা জজ এর এ্যাডঃ মোঃ বেলাল হোসেন পিপি, ডিআইও-১ আলমগীর হোসেন, জেলা গোয়েন্দা শাখার ইনচার্জ মোঃ শফিকুর রহমান, আলমডাঙ্গা পৌর আওয়ামীলিগের সভাপতি দেলোয়ার হোসেন, চুয়াডাঙ্গা পৌর আওয়ামীলিগের সভাপতি হেলা মিয়া, চিৎলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হাসানুজ্জামান সরোয়ার, বীরমুক্তিযোদ্ধা নুরুজ্জামান লাল্টু প্রমূখ।

হাঁপানিয়ায় বিট পুলিশিং সমাবেশে সভাপতিত্ব করেন আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম।

আলমডাঙ্গায় বালতির পানিতে ডুবে শিশুর মৃত্যু

টয়লেটে রাখা বালতির পানিতে পড়ে মরিয়ম (৩) নামের এক শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে। গতকাল শুক্রবার সকাল সাড়ে ১০ টায় আলমডাঙ্গার মুন্সিগঞ্জের হাসপাতাল মোড়ের নিজ বাড়িতে এ দুর্ঘটনাটি ঘটে। নিহত শিশু মরিয়ম জেহালার হাসপাতাল মোড়ের আশরাফুল ইসলামের মেয়ে।

স্থানীয় সূত্রে জানা যায়, আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের হাসপাতাল মোড়ের আশরাফুল ইসলামের মেয়ে মরিয়ম খাতুন (৩)। শুক্রবার সকাল ১০ টার দিকে সে নিজ বাড়িতে খেলা করছিলো।

খেলার ফাঁকে বাড়িতে থাকা টয়লেটের মধ্যে যায় । অতর্কিত ভাবে শিশু মরিয়ম পানি ভর্তি বালতির মধ্যে পড়ে মারা যায়।
এসময় শিশু মরিয়মকে তার পরিবারের লোকজন খোঁজ খবর নিলেও তার কোন সন্ধান পায় না। পরে পরিবারের লোকজন শিশু মরিয়মকে নিজ বাড়ির টয়লেটের বালতির মধ্যে মাথা নিচু অবস্থায় দেখতে পায়। তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

এ ঘটনায় আলমডাঙ্গা থানায় অপমৃত্যু মামলা দায়ের করা হবে।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদে প্রতিবন্ধীদের মাঝে গাছের চারা

বিতরণ

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদে ২০০ জন প্রতিবন্ধীদের যাচাই-বাছাই করা হয়। যাচাই-বাছাই শেষে উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী উপস্থিত থেকে প্রতিবন্ধীদের মাঝে বনজ ফলজ গাছের চারা বিতরণ করেন।

আজ বেলা ১১টার দিকে এই বনজ ফলজ গাছের চারা বিতরণ করা হয়। জানাযায় দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের অধীনে ২০০ জন প্রতিবন্ধীকে যাচাই-বাছাই করে ১৭৭ জনকে প্রতিবন্ধী হিসেবে নির্বাচিত করা হয়।

২০২২ ২৩ অর্থ বছরের এলজিএসপি প্রকল্পের বরাদ্দ হইতে বাছাইকৃত ১৭৭ জন প্রতিবন্ধীদের মাঝে বনজ ফলজ গাছে চারা বিতরণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন সদর ইউনিয়ন পরিষদের সচিব শামীম রেজা, সদর ইউপি সদস্য শামসুল হক, হাসান আলী, কামরুল ইসলাম, নুরুল ইসলাম, মতিয়ার সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক, ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

দামুড়হুদা স্কুল, মাদ্রাসা ও ক্লাবের সদস্যদের মাঝে খেলার সামগ্রী বিতরণ

দামুড়হুদা ইউনিয়ন পরিষদের ২০২২-২৩ অর্থবছরের এলজি এসপি তিন প্রকল্পের বরাদ্দ হইতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবের খেলার সামগ্রী বিতরণ করেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী। আজ বৃহস্পতিবার সকাল ১০টার দিকে সদর ইউনিয়ন পরিষদ চত্বরে এই খেলার সামগ্রী বিতরণ করা হয়।

জানা গেছে, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের ২০২২-২৩ অর্থবছরের এল

জি এস পি প্রকল্পের বরাদ্দ হইতে কেশবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পুরাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, কুশাঘাটা সরকারি প্রাথমিক বিদ্যালয়, উজিরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ফকির পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, দামুড়হুদা দশমী সরকারি প্রাথমিক বিদ্যালয়, দামুড়হুদা সরকারী মডেল প্রাথমিক বিদ্যালয় দেউলী সরকারী প্রাথমিক বিদ্যালয়, দামড়হুদা পাইলট হাই স্কুল, মিত্তাহুল কুরআন হাফিজিয়া মাদ্রাসা, নুরানী হাফিজিয়া মাদ্রাসা, কেশবপুর উজ্জ্বল ক্লাব ও খা-পাড়া স্টার ক্লাবের সদস্যদের মাঝে ফুটবল, ক্রিকেট খেলার ব্যাড ও জার্সি বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন সদর ইউনিয়ন পরিষদের সচিব শামীম রেজা, সদর ইউপি সদস্য শামসুল হক, হাসান আলী, কামরুল ইসলাম, নুরুল ইসলাম, মতিয়ার সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক, ক্লাবের সদস্য ও গণ্যমান্য ব্যক্তিবর্গ।

জীবননগরে মাসিক সভা অনুষ্ঠিত

জীবননগর উপজেলার আইনশৃঙ্খলা, চোরাচালান প্রতিরোধ এবং সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার বেলা ১০টায় জীবননগর উপজেলা পরিষদের সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত) ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র।
সভায় প্রধান অতিথি ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. হাফিজুর রহমান।

সভায় উপস্থিত থেকে বক্তব্য দেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইসা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিল্টন মোল্লা, বাঁকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদ, জীবননগর থানার পরিদর্শক (তদন্ত) স্বপন কুমার, সাংবাদিক জাহিদ বাবু, মিথুন মাহমুদ প্রমুখ।

দর্শনায় মতবিনিময় সভা

দেশের বেকারত্বের অভিষাপ থেকে মুক্ত করতে সরকারের পাশাপশি বে-সরকারী প্রতিষ্ঠান ওয়েভ ফাউন্ডেশনের উদ্যোগে তরণ-তরুণীদের হাতকে কর্মীর হাতে পরিনত করতে দর্শনা ৩ মাসব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে।

গতকাল বুধবার থেকে মোবাইল সার্ভিসিং ও ফ্যাশন গার্মেন্টস এর উপর ওয়েভ ট্রেড ট্রেনিং সেন্টারে প্রশিক্ষনের উদ্বোধন ওয়েভ ফাউন্ডেশনের সহকারী পরিচালক কিতাব আলী।

এ প্রশিক্ষনে ২৫ জন তরুণ ও ২৫জন তরণী অংশ নিচ্ছেন। বিগত ২০১৬ সাল থেকে ১ হাজার ৫০০ জন তরণ-তরুনীকে ওয়েভ ফাউন্ডেশন থেকে প্রশিক্ষন গ্রহন করে ১হাজার ১৫০ জন তাদের কর্মসংস্থান সৃষ্টি করতে সক্ষম হয়েছে বলে অধ্যক্ষ আব্দুস সালাম। এছাড়া আরো উপস্থিত ছিলেন, দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন, ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়ার সমন্বয়কারী কামরুজ্জামান কামাল, উপ-সমন্বয়কারী নজরুল ইসলাম। অনুষ্ঠানপরিচালনা করেন সোহানুর রহমান সোহান।